৮১

তারিখ 14 FEB 1994
পৃষ্ঠা ৩ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

## ছাত্র-ছাত্রী আড়াইশত শিক্ষক দুইজন

কুড়িগ্রাম সংবাদদাতা ।। শিক্ষক এবং প্রয়োজনীয় উপকরণের অভাবে অনন্তপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের লেখাপড়া ব্যহত হইয়াছে।

উল্লেখ্য, বিদ্যালয়টি ১৯০০ সালে স্থাপিত হয়। জন্ম হইতেই প্রয়োজনীয় আসবাব-

(৪র্থ পৃঃ দ্রঃ)

### ছাত্রছাত্রী আড়াই শত

(৩য় পৃঃ পর)

পত্র ও শিক্ষা উপকরণ নাই। তদুপরি নদী ভাংগনের কারণে বিদ্যালয়টি স্থানান্তর করা হয়। ছাত্র-ছাত্রীরা মাটিতে বসিয়া ক্লাস করে। বর্তমানে বিদ্যালয়ে ১ জন শিক্ষক ও ১ জন শিক্ষিকা ছাত্র ছাত্রীদের পাঠদান করিতেছেন। সম্প্রতি বিদ্যালয়টি খাদ্যের বিনিময়ে শিক্ষা কর্মসূচীর আওতায় নেওয়ায় এখন ছাত্র-ছাত্রী সংখ্যা ২ শত ৫৭ জনে উন্নীত হইয়াছে।